# বিশ্বব্যাংক তদন্ত প্যানেল

*যেখানে আপনার সমস্যার কথা শোনা হয়*



The Inspection Panel

THE WORLD BANK
IBRD • IDA | WORLD BANK GROUP

কী

## প্যানেল কী?

বিশ্বব্যাংকের কার্যনির্বাহী বোর্ড দ্বারা ১৯৯৩ সালে এই প্যানেলটি প্রতিষ্ঠা করা হয়েছিল। এটি মূলত একটি স্বতন্ত্র অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি; কোন ব্যক্তি যদি মনে করেন তিনি বিশ্বব্যাংক-অর্থায়ন প্রকল্প দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছেন কিংবা ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা আছে তাহলে তিনি এখানে অভিযোগ জানাতে পারেন। এই প্যানেলটি বিভিন্ন দেশের মোট তিন জন সদস্যের সমন্বয়ে গঠিত, বৈশ্বিক উন্নয়নে বহুমুখী অভিজ্ঞতা এবং তাঁদের স্বতন্ত্রতা ও ন্যায়পরায়ণতার ওপর ভিত্তি করে সদস্যদের নির্বাচন করা হয়। প্রত্যেক সদস্য পাঁচ-বছর মেয়াদী অনাবয়নযোগ্য পদে দায়িত্বরত থাকেন। প্যানেলটি সচিবালয়ের সহায়তায় পরিচালিত হয় এবং এটি বিশ্বব্যাংকের প্রধান কার্যালয় – যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডি.সি.-তে অবস্থিত। প্যানেলটি বিশ্বব্যাংকের কার্যনির্বাহী বোর্ডের কাছে সরাসরি জবাবদিহি করে এবং বিশ্বব্যাংকের ব্যবস্থাপনার অধীনস্থ নয়।



কিভাবে

## কিভাবে প্যানেল প্রক্রিয়া কাজ করে?

দুই বা ততোধিক ব্যক্তি, যাদের “আবেদনকারী” হিসেবে অভিহিত করা হচ্ছে, এই প্যানেলে অভিযোগ দায়ের করতে পারেন। এর নিজস্ব প্রক্রিয়ার মাধ্যমে, প্যানেল নিরূপণ করে দেখে যে ব্যাংক এর অভ্যন্তরীণ নীতিমালা এবং প্রক্রিয়ার অনুসারে জনগণ ও পরিবেশের সুরক্ষা নিশ্চিত করেছে কিনা। এটি আরও নিরূপণ করে যে, অভিযোগে বর্ণিত ক্ষতি বা লোকসান হওয়ার জন্য এখানে কোন নীতিমালার লঙ্ঘন করা হয়েছে কিনা, কিংবা ভবিষ্যতে করা হতে পারে কিনা। প্যানেলের পরিচালনা প্রক্রিয়ায় (at www.inspectionpanel.org) প্যানেলের পদ্ধতির ভিন্ন ভিন্ন ধাপগুলো বর্ণনা করা রয়েছে; কোন অভিযোগ তদন্তের জন্য গ্রহণযোগ্য ও উপযুক্ত কিনা তা প্যানেল কিভাবে নির্ধারণ করে সে পদ্ধতিও এখানে বর্ণিত আছে। সংশ্লিষ্ট সকল পক্ষের সুবিধার্থে সমস্যা নির্ণয় এবং সমাধানের লক্ষ্যে, প্যানেল পদ্ধতিটি আবেদনকারী ও বিশ্বব্যাংকের মধ্যে একটি গঠনমূলক যোগাযোগের সুযোগ করে দেয়। প্রাথমিক অভিযোগসহ সকল প্রস্তুতকৃত প্রতিবেদনসমূহ সার্বজনীনভাবে প্রকাশ করা হয়, তবে আবেদনকারীরা যদি অনুরোধ করেন তবে তাঁদের পরিচয় গোপন রাখা হয়।

পিছনের প্রচ্ছদে প্রদত্ত চিত্রে প্যানেল পদ্ধতির একটি সারসংক্ষেপ দেখানো হয়েছে।

কে

## কে অভিযোগ দায়ের করতে পারবেন?

যেসব দেশে ব্যাংক-সহায়তায় প্রকল্প চলমান রয়েছে, সেসব দেশের দুই বা ততোধিক ক্ষতিগ্রস্ত ব্যক্তি একটি অভিযোগ দায়ের করতে পারে (আনুষ্ঠানিকভাবে বলা হয় “তদন্তের জন্য আবেদন”) আবেদনকারী এটি সরাসরি পাঠাতে পারেন কিংবা কোন প্রতিনিধির মাধ্যমেও পাঠাতে পারেন।



কী

## কী কী বিষয়ে আবেদনকারীরা অভিযোগ দায়ের করতে পারেন?

তদন্তের আবেদনের সাড়াদান হিসেবে, এই তদন্ত প্যানেল ব্যক্তি বা পরিবেশের ওপর অনেক ধরণের ক্ষতি বা সম্ভাব্য ক্ষয়-ক্ষতির সমস্যার সমাধান করেছে। কিছু কিছু অভিযোগে দেখা গেছে, অবকাঠামোগত উন্নয়ন সংশ্লিষ্ট প্রকল্পের ফলস্বরূপ মানুষের জীবনযাত্রা বা পরিবেশগত অবমূল্যায়ন ঘটেছে। প্যানেলে এমন প্রকল্প নিয়েও তদন্ত হয়েছে যেখানে বাসিন্দাদের বলপূর্বক স্থানান্তর করা হয়েছে (উদাহরণস্বরূপ, বাঁধ, সড়ক, পাইপলাইন, ভূমিভরাট বা বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র নির্মাণ করার জন্য); স্থানীয় বাসিন্দাদের অধিকার ও চাহিদার ওপর প্রভাব পড়েছে (যেমন, প্রথাগত ভূমি অধিকার, ঐতিহাসিক গুরুত্বের স্থান, বা জীবনযাত্রা); এবং যেখানে পরিবেশ, ঐতিহাসিক স্থান ও প্রাকৃতিক বৈচিত্র্য ক্ষতিগ্রস্ত হয়েছে (উদাহরণস্বরূপ, বায়ু ও পানি দূষণ, পানি সম্পদের ওপর অতিরিক্ত চাপ, জলাভূমির ওপর বিরূপ প্রভাব, বৃক্ষনিধন, কিংবা জীববৈচিত্র্য হারিয়ে যাওয়া)।

প্যানেলে ক্ষতিগ্রস্ত জনগণের অধিকার সংশ্লিষ্ট সমস্যার নিয়েও তদন্ত হয়, যেখানে জনগণকে তথ্যাবলী প্রদান করার সুবিধাসহ বিভিন্ন প্রকল্পের পরিকল্পনা ও বাস্তবায়নে তাঁদের অর্থপূর্ণ পরামর্শ এবং অংশগ্রহণ করার সুযোগ তৈরি করে দেওয়া হয়। এসকল ক্ষয়-ক্ষতি বা সম্ভাব্য ক্ষয়-ক্ষতি প্যানেলে পর্যালোচনা করা হয়, যেটি বিশ্বব্যাংক পরিচালনার নীতিমালা ও প্রক্রিয়ার কাঠামোর অন্তর্ভুক্ত।

প্যানেলের আদেশপত্র অনুসারে কোন বস্তু বা সেবা ক্রয়, দুর্নীতি বা সমস্যা নিয়ে পরিবর্ধিত তদন্ত করা হয় না যেটি পূর্বের কোন কেসে ইতোমধ্যে সমাধান করা হয়েছে, যদি না কোন নতুন প্রমাণপত্র বা নতুন পরিস্থিতি উপস্থাপন করা হয়।

কোন বিশ্বব্যাংক-অর্থায়ন প্রকল্পে সন্দেহজনক জালিয়াতি বা দুর্নীতি, ক্রয়ে অসংগতি সংশ্লিষ্ট সমস্যা থাকলে, কিংবা জালিয়াতি এবং দুর্নীতির অভিযোগ সংশ্লিষ্ট কোন ব্যাংক কর্মকর্তার অসদাচরণ বিষয়ে অভিযোগ থাকলে তা ব্যাংকের জালিয়াতি ও দুর্নীতির হটলাইনে (Fraud and Corruption Hotline) রিপোর্ট করুন: www.worldbank.org/integrity.

প্যানেলের আদেশপত্রে অন্তর্ভুক্ত রয়েছে সেসব প্রকল্প যেগুলো বিশ্বব্যাংক গ্রুপের ইন্টারন্যাশনাল ব্যাংক ফর রিকন্সট্রাকশন অ্যান্ড ডেভেলপমেন্ট (IBRD) এবং ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশন (IDA) দ্বারা অর্থায়নের সহায়তা পায়, এবং সেই সাথে বিশ্বব্যাংক দ্বারা পরিচালিত ট্রাস্ট ফান্ডও এর অন্তর্ভুক্ত। ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (IFC) এবং মাল্টিল্যাটেরাল ইনভেস্টমেন্ট গ্যারান্টি এজেন্সি (MIGA) দ্বারা সমর্থিত প্রকল্পগুলো অফিস অফ দ্য কমপ্লায়েন্স অ্যাডভাইসর অম্বাডসম্যান (CAO) দ্বারা পরিচালিত হয়। CAO সম্পর্কে আরও তথ্য জানতে পারবেন এখানে www.cao-ombudsman.org

কিভাবে

## কিভাবে আমি অভিযোগ দায়ের করবো?

একটি অভিযোগ (তদন্তের জন্য আবেদন) চিঠি বা ই-মেইলের মাধ্যমে দায়ের করতে পারেন। অনুগ্রহ করে লক্ষ করুন, যেকোন নাগরিকই এটি কোন বিশেষজ্ঞ বা আইনজীবীর সহায়তা ছাড়াই লিখতে পারবেন। চিঠি বা ই-মেইলে স্বাক্ষর করা থাকতে হবে এবং এতে নিম্নোক্ত তথ্যাবলী অন্তর্ভুক্ত থাকা আবশ্যক।

- আপনাদের নাম (দুই বা ততোধিক আবেদনকারী থাকা আবশ্যক), এবং আপনাদের ঠিকানা। আপনি যদি কোন ব্যক্তি বা সংস্থার প্রতিনিধিত্ব করেন, তাহলে তাঁদের নাম, এবং সাথে তাঁদের স্বাক্ষরসহ বিবৃতি যে তারা আপনাকে প্রতিনিধি হিসেবে অনুমোদন দিচ্ছেন - তাও অন্তর্ভুক্ত থাকা দরকার।
- যে বিশ্বব্যাংক-অর্থায়নের প্রকল্প নিয়ে আপনি চিন্তিত সেটির শিরোনাম (যদি আপনি জেনে থাকেন)।
- আপনি বা আপনার চারপাশের পরিবেশ ক্ষতিগ্রস্ত হওয়ার বর্ণনা কিংবা প্রকল্পের ফলাফল হিসেবে আপনার যে সম্ভাব্য ক্ষয়-ক্ষতি হবে বলে মনে করেন তার বিবরণ।
- আপনার জ্ঞানানুসারে – কেন আপনি মনে করেন যে ব্যাংক এর নীতিমালা ও প্রক্রিয়া অনুসরণ করতে ব্যর্থ হয়েছে তার একটি বিবরণ, এবং কিভাবে আপনি মনে করেন যে এর ফলে ক্ষয়ক্ষতি হচ্ছে (তবে অনুগ্রহ করে লক্ষ করুন, তদন্তের জন্য আবেদনে কোন সুনির্দিষ্ট ব্যাংক নীতিমালা সনাক্ত করা আবশ্যক নয়)।
- আপনার উদ্বেগ সম্পর্কে আপনি ব্যাংককে কবে এবং কিভাবে অবগত করেছেন এবং ব্যাংকের প্রতিক্রিয়া নিয়ে আপনি কেন সন্তুষ্ট নন তার ব্যখ্যা।
- আপনি চাইলে, আপনার উদ্বেগের সমাধানস্বরূপ পদক্ষেপের বর্ণনাও দিতে পারেন।

প্যানেল পদ্ধতির জন্য আনুষ্ঠানিক ভাষা ইংরেজি, তবে আপনি আপনার নিজ ভাষাতেও অভিযোগ দায়ের করতে পারবেন। এর হার্ড কপি আমাদের ঠিকানায় পাঠাতে পারেন (পিছনের প্রচ্ছদে আমাদের যোগাযোগের ঠিকানা দেখুন) কিংবা ইলেকট্রনিক্যালি পাঠাতে পারেন এই ঠিকানায় ipanel@worldbank.org।

প্যানেলের ওয়েবসাইট www.inspectionpanel.org-এ গিয়ে, আপনি একটি অভিযোগ ফরমের নমুনা পেতে পারেন, সেখানে প্যানেল সম্পর্কে অন্যান্য তথ্যও দেওয়া আছে। আপনার যদি আরও প্রশ্ন থাকে, তবে আপনি ওয়েবসাইটে গিয়ে সেসবের উত্তর পাবেন, কিংবা সরাসরি ই-মেইল বা ফোন করে প্যানেল সচিবের সাথে যোগাযোগ করতে পারেন (পিছনের প্রচ্ছদে আমাদের যোগাযোগের ঠিকানা দেখুন)। এছাড়া, অভিযোগপত্র গ্রহণযোগ্য হওয়ার জন্য মূল শর্তগুলো বুঝতেও প্যানেল সচিব আপনাকে সহায়তা করতে পারবেন।

## প্যানেল প্রক্রিয়ার ফলাফলস্বরূপ আপনি কী প্রত্যাশা করতে পারেন?

### প্যানেলে অভিযোগ দায়ের করলে নিম্নোক্ত বিষয়গুলো ঘটতে পারে:

- প্রক্রিয়ার প্রথমদিকে কিংবা প্যানেল তদন্তের শেষে ব্যবস্থাপনা পদক্ষেপের পরিকল্পনা এবং বোর্ডের নির্ধারন ও নির্দেশনার ফলস্বরূপ, ক্ষয়-ক্ষতি সংশোধনের জন্য বিশ্বব্যাংক পদক্ষেপ নেবে;
- বিশ্বব্যাংকের নীতিমালা ও প্রক্রিয়া লঙ্ঘনের সাথে ক্ষয়-ক্ষতি সম্পর্কযুক্ত কিনা তা প্যানেল নির্ধারণ করে দেখবে;
- ক্ষয়-ক্ষতি বা সম্ভাব্য ক্ষয়-ক্ষতির দিকে নজর দেবে এবং এর থেকে শিক্ষা নেবে যাতে ভবিষ্যতে কোন ব্যাংক সংশ্লিষ্ট প্রকল্পে এ ধরণের ক্ষয়-ক্ষতি এড়ানো যায়।

### প্যানেলে অভিযোগ দায়ের করলেই নিম্নোক্ত বিষয়গুলো নিশ্চিত করা যায় না:

- যেহেতু এই প্যানেল আইন প্রয়োগের ক্ষমতাসহ কোন আইনি আদালত নয়, তাই বিশ্বব্যাংক-অর্থায়ন প্রকল্প দ্বারা সৃষ্ট ক্ষয়-ক্ষতির সমাপ্তি ঘটবে না বা প্রতিরোধ করা যাবে না। তবে, যেহেতু প্যানেল সরাসরি ব্যাংকের কার্যনির্বাহী বোর্ডে জবাবদিহি করে, তাই প্যানেলের তদন্তের ফলাফল পর্যালোচনা করা এবং সাড়াদান করা ব্যাংক পরিচালনার দায়িত্ব।
- পৃথক ব্যাংক কর্মকর্তা বা সদস্য অপরাধী বা নিরপরাধী তা নির্ধারণ করবে না; বরঞ্চ এই প্যানেল সামগ্রিকভাবে ব্যাংক পরিচালনার নীতিমালা অনুসরণ করার বিষয়টি পরীক্ষা করে দেখে।
- অর্থগ্রহীতা সরকারের তদন্ত করে না, কেননা প্যানেল শুধুমাত্র ব্যাংকের তদন্ত করে, অর্থগ্রহীতার নয়।

## কেন এই প্যানেল?

বিশ্বব্যাংকের লক্ষ্য হলো দেশ থেকে দারিদ্র্য বিমোচন করা এবং সকল দেশে সমৃদ্ধি নিয়ে আসা। উন্নয়ন প্রকল্প ও কর্মসূচিগুলোর উদ্দেশ্য হলো ইতিবাচক পরিবর্তন আনয়ন, তবে প্রকল্পের বাস্তবায়নে কিছু ঝুঁকি থাকে। সকলের সর্বোত্তম প্রয়াস সত্ত্বেও, জনগণ বা পরিবেশ ক্ষতিগ্রস্ত হতে পারে। বিশ্বব্যাংক এধরণের কোন ফলাফল এড়ানোর জন্য নীতিমালা প্রণয়ন করে, তবে এতদাসত্ত্বেও কিছু সমস্যা থেকে যায় সেগুলো সমাধান করা হয় না বা অনুধাবন করা যায় না। এই রকম পরিস্থিতিতে, সমস্যাগুলোর সমাধান করার একটি উপায় হলো জনগণের সোচ্চার হওয়া। একটি সহযোগী প্রক্রিয়ার মাধ্যমে, প্যানেল ক্ষতিগ্রস্ত জনগণকে সহায়তা করতে পারবে এবং তাঁদের সমস্যাগুলো সমাধানের দিকে এগিয়ে নিতে পারবে।



## তদন্ত প্যানেল প্রক্রিয়ার ৪টি ধাপ

### ১
**আবেদন গ্রহণ এবং নিবন্ধনের সিদ্ধান্ত**

প্যানেল সার্বজনীনভাবে অবগত করে এবং ১৫ কর্মদিবসের মধ্যে নিবন্ধনের বিষয়টি নিয়ে সিদ্ধান্ত নেয়

### ২
**যোগ্যতা এবং প্যানেলের সুপারিশ**

পরিচালনা ব্যবস্থার সাড়াদান- MR২১ দিন

প্রয়োজন হলে প্যানেলের মাঠ পর্যায়ে পরিদর্শন

বোর্ডের কাছে প্যানেলের রিপোর্ট (MR থেকে ২১ দিন পর)

প্যানেলের সুপারিশ বিষয়ে বোর্ডের সিদ্ধান্ত

### ৩
**তদন্ত**

প্যানেলের তদন্তের প্রতিবেদন

পরিচালনা ব্যবস্থার প্রতিবেদন ও সুপারিশ

বোর্ডের আলোচনা এবং পদক্ষেপের অনুমোদন

### ৪
**তদন্ত-পরবর্তী**

প্রয়োজন হলে, প্যানেলের পুনরায় পরিদর্শন

পরিচালনা ব্যবস্থা দ্বারা পদক্ষেপ পরিকল্পনার বাস্তবায়ন

তদন্ত প্যানেল
1818 H Street NW, Mail Stop: MC10-1007
Washington, DC 20433 U.S.A.

টেলিফোন: 202 458 5200
ফ্যাক্স: 202 522 0916
ই-মেইল: ipanel@worldbank.org
ওয়েবসাইট: www.inspectionpanel.org

ফেসবুকে আমাদের খুঁজুন

The Inspection Panel
THE WORLD BANK
IBRD • IDA | WORLD BANK GROUP